**Questions no.13. লিঙ্গ উন্নয়ন সূচক বা Gender Development Index (GDI) কি?**

**উওর:**

লিঙ্গ উন্নয়ন সূচক (GDI) হলো এমন একটি পরিমাপক সূচক, যা নারীদের এবং পুরুষদের মধ্যে জীবনমান, শিক্ষা ও আয়ের ক্ষেত্রে সমতা বা বৈষম্য কতটা রয়েছে, তা নির্ধারণ করে। এটি জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) কর্তৃক প্রবর্তিত এবং Human Development Index (HDI)-এর লিঙ্গভিত্তিক রূপান্তর হিসেবেও বিবেচিত।

**GDI সূচকের উদ্দেশ্য:**

ক) সমাজে নারী ও পুরুষের উন্নয়নের মধ্যে পার্থক্য বিশ্লেষণ করা।

খ) লিঙ্গ বৈষম্যের বাস্তব চিত্র তুলে ধরা।

গ) নারী উন্নয়নে নীতিনির্ধারকদের দিকনির্দেশনা প্রদান করা।

GDI হিসাব করতে নিম্নোক্ত তিনটি সূচক ব্যবহৃত হয়, প্রতিটিতে নারী ও পুরুষের আলাদা পরিসংখ্যান নেওয়া হয়:

ক) স্বাস্থ্য (Health): জীবনের গড় প্রত্যাশা (Life Expectancy at Birth)

- একজন মানুষ গড়ে কত বছর বাঁচবে তা পরিমাপ করে।
- উদাহরণ: নারী: 72.3 বছর, পুরুষ: 68.5 বছর

খ) শিক্ষা (Education): প্রাপ্তবয়স্কদের গড় শিক্ষাবর্ষ (Mean Years of Schooling)

প্রত্যাশিত শিক্ষাবর্ষ (Expected Years of Schooling)

গ) আয় (Income): মাথাপিছু আয় (GNI per capita, PPP-adjusted)

এখানে নারী ও পুরুষের আলাদাভাবে উপার্জন বিবেচনায় নেওয়া হয়।

## GDI হিসাব করা

প্রথমে HDI আলাদাভাবে হিসাব করা হয় নারী ও পুরুষের জন্য।

তারপর নিচের সূত্র প্রয়োগ করা হয়:

GDI = নারীর HDI / পুরুষের HDI

## GDI-এর মান বোঝার পদ্ধতি:

১.০০ নারী-পুরুষ উন্নয়নে সম্পূর্ণ সমতা

< ১.০০  নারীরা পিছিয়ে

>১.০০(অত্যন্ত বিরল) – নারীরা এগিয়ে